



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৬১৮.১৮.১১০৩

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯

১৩ নভেম্বর ২০২২

বিষয়: সিলেট বিভাগের সিলেট এবং সুনামগঞ্জ জেলায় ২০২২ সালের ভয়াবহ বন্যায় বিভিন্ন এলএসডিতে সরকারি খাদ্যশস্য ও অন্যান্য মালামাল রক্ষার্থে গৃহীত কার্যকরী পদক্ষেপ গ্রহণের প্রেক্ষিতে ব্যয়িত অর্থ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্র: আপনার কার্যালয়ের স্মারক নং-২০২৩ তারিখ-০১/১১/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট ও সুনামগঞ্জ জেলায় বন্যাক্রান্ত এলএসডিসমূহে মজুতকৃত খাদ্যশস্য রক্ষার্থে বাফেল ওয়াল নির্মান, সেচ যন্ত্র ক্রয় ও অন্যান্য প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করতে ব্যয়িত অর্থ বরাদ্দের জন্য ০২ (দুই) জেলার ০৭ টি এলএডির জন্য মোট ১০,০৮,২৬২ (দশ লাখ আট হাজার দুইশত বাষটি) টাকার চাহিদা প্রেরণ করা হয়েছিল। কিন্তু চাহিদা পত্রে এলএসডি ভিত্তিক যন্ত্রপাতি ক্রয় ও বাফেল ওয়াল নির্মাণ বাবদ খরচ আলাদাভাবে উল্লেখকরত: প্রযোজ্য খাত/ খাতসমূহে প্রয়োজনীয় টাকার পরিমাণ উল্লেখ নেই বিধায় বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, এলএসডি ভিত্তিক যন্ত্রপাতি ক্রয় ও বাফেল ওয়াল নির্মাণ বাবদ খরচ আলাদাভাবে উল্লেখপূর্বক সংশ্লিষ্ট প্রযোজ্য খাতে/খাতসমূহে প্রয়োজনীয় টাকার পরিমাণ উল্লেখকরত: পুনরায় চাহিদা প্রেরণের জন্য বলা হলো।

১৪-১১-২০২২

মোঃ মাহমুদ হাসান

পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫৬৩০৬

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৬৪৮৮৮৮

ইমেইল: daf@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এর দপ্তর,
সিলেট

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.৬১৮.১৮.১১০৩/১(৫)

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯

১৩ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুনামগঞ্জ
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
- ৩) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪) উপর্যুক্ত পরিদর্শক, মজুদ, বিক্রয় এবং ক্যাশ শাখা, খাদ্য অধিদপ্তরের ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো।
- ৫) অফিস কপি।

১৪-১১-২০২২
মোঃ সাহিদার রহমান
উপপরিচালক